

২০০৯-১০ শিক্ষাবর্ষ  
থেকে উচ্চ মাধ্যমিকে  
সাচিবিক বিদ্যা ও  
অফিস ব্যবস্থাপনা  
বিষয় উঠে যাচ্ছে

স্টাফ রিপোর্টার ৪ আগামী ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়টি তুলে দেয়া হয়েছে। মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত এক বিবৃতিতে এ খবর জানানো হয়েছে। ১৯৬৫ সাল থেকে প্রচলিত উচ্চ মাধ্যমিক পর্যায়ে শর্টহ্যান্ড ও টাইপ লিখন নামে বিষয়টি অন্তর্ভুক্ত ছিল। পরে বিষয়টি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের বিশেষজ্ঞদের পরামর্শক্রমে ১৯৯৮ সালে আলাদা বিষয় হিসেবে সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা নামে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অন্তর্ভুক্ত করা হয়। কিছু গত ৭ ফেব্রুয়ারি শিক্ষা সচিব মোমতাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির সভায় সাধারণ শিক্ষা ও মানুশ্য শিক্ষার ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে এই দু'টি বিষয় বাদ দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। অবশেষে সোমবার শিক্ষা মন্ত্রণালয় এক

২০০৯-১০ শিক্ষাবর্ষ

(প্রথম পাতার পর)

পরিষদ বিবৃতির মাধ্যমে বিষয় দু'টি তুলে দেয়ার ব্যবস্থা নিশ্চিত করে। বিবৃতিতে বলা হয়, আন্তর্জাতিক চাহিদার সঙ্গে শিক্ষার্থীদের আর্থী করে জোড়ার লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রমের সুপারিশ মোতাবেক ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয় থাকবে না। তবে এ বিষয়ে অধ্যয়নবত শিক্ষার্থীরা ফাইনাল পরীক্ষায় ৯ খ বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। কোন শিক্ষার্থী উক্ত বিষয়ে অকৃতকার্য হলে সে অন্য পরীক্ষার্থীদের মতো বেক্সিষ্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত পরীক্ষা দিতে পারবে। একই সঙ্গে এই দু'টি বিষয়ে পাঠদানরত শিক্ষকদেরও এমপিও বাতিল করা হবে না। তারা অন্য বিষয়ে পাঠদান করতে পারবেন।